গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়,শাহরাস্তি,চাঁদপুর।
www.doict.shahrasti.chandpur.gov.bd

উপজেলা আইসিটি বিষয়ক কমিটির জুন/২০২৬ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : মনিরা খাতুন,উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি, চাঁদপুর।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, শাহরাস্তি,চাঁদপুর।

তারিখ : ২৬/০৬/২০২৬ খ্রিঃ

সময় :বিকাল ১.৩০ মিঃ

উপস্থিতি ঃ পরিশিষ্ট “ক” এ সংরক্ষিত আছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ শাহজাহান, উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,চাঁদপুর, চাঁদপুর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব পোর্টাল সংক্রান্তঃ**<br><br>উপজেলা আইসিটি অফিসার, শাহরাস্তি,চাঁদপুর। জানান যে, www.shahrasti.chandpur.gov.bd সাইটটি নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। যে সকল সরকারি দপ্তর এর জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ করা হয়নি সে সকল অফিসের তথ্য বাতায়ন হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়।<br><br>ওয়েব সাইট এর নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে এটুআই কতৃক নির্দেশনা মোতাবেক, এটুআই শুধুমাত্র প্রতিটি দপ্তর তৈরি ও কারিগরি সহায়তা দায়িত্ব পালন করে থাকে। তথ্য হালনাগাদ ও আপলোডের দায়িত্ব সংশ্লিষ্ট অফিসের। সংশ্লিষ্ট অফিসের আইডি থেকে বিভ্রান্তিমূলক/ বিব্রতকর/ অসংলগ্ন/ সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন তথ্য আপলোড হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট অফিসের উপর বর্তাবে। তাই হ্যাকারদের দৌরাত্ম্য বৃদ্ধির দরুণ ওয়েবসাইটের নিরাপত্তা নিশ্চিতকরণে পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, টিআইবি বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল জরিপ করে একটি প্রতিবেদন প্রকাশ করেছে। তাতে দেখা যায় অনেক দপ্তরের তথ্য ঘাটতি রয়েছে। তার আলোকে ওয়েব পোর্টাল গুলি হালনাগাদ করার নির্দেশনা রয়েছে এবং ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের কঠোর নির্দেশনা রয়েছে। | (ক) প্রতিটি দপ্তর প্রধান নিজ দপ্তরের ওয়েব পোর্টাল (বাংলা ও ইংরেজিতে) হালনাগাদ করবেন। যে সকল সরকারি দপ্তর ওয়েব পোর্টাল আপডেট করে না, তাদেরকে ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে। কারো পোর্টাল আপডেট এবং টেকনিক্যাল সাপোর্ট প্রয়োজন হলে আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালিয়ে যোগাযোগ করতে হবে।<br><br>খ) এটি সবমসয় এজেন্ডায় রাখতে হবে। প্রতিনিয়ত হাল নাগাদ করতে হবে। প্রতিটি দপ্তর নিজ উদ্যোগে পাসওয়ার্ড পরিবর্তন করে পোর্টালের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।<br><br>যে দপ্তর গুলির তথ্য হালনাগাদ হয়েছে এবং যে দপ্তরগুলোর তথ্য হালনাগদ হয় না তার একটি প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ১। অত্র উপজেলার সকল দপ্তর প্রধান, শাহরাস্তি, চাঁদপুর।<br><br>২।উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি,চাঁদপুর।<br><br>৩।উপজেলা আইসিটি অফিসার, শাহরাস্তি, চাঁদপুর। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | **স্কুল,কলেজ এবং মাদ্রাসায় প্রশিক্ষণ সংক্রান্তঃ** গত ২৩ অক্টোবর,২০২৩ খ্রি. থেকে ২৫ সেপ্টেম্বর,২০২৩ খ্রি. পর্যন্ত শাহরাস্তি উপজেলার আইসিটি ডিভিশন ডিজিটাল ল্যাব প্রাপ্ত ১৭ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৬৮ জন শিক্ষককে ০৩টি ব্যাচে ১০ দিন ব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। | ক)স্কুল,কলেজ এবং মাদ্রাসার শিক্ষকদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে দক্ষ করতে ০৩ টি ব্যাচে ৬৮ জন শিক্ষককে ১০ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়<br><br>খ) ১০ দিন ব্যাপী প্রশিক্ষণ কার্যক্রমে শিক্ষকদের এডিটিভ ম্যানুফেকচারিং,অগমেন্টেড রিয়েলিটি,অটোনোমাস রোবট,ক্লাউড কম্পিউটিং,সাইবার সিকিউরিটি,ডিজিটাল টুইন,দ্য ইন্টারনেট অফ থিংকস,সিস্টেম ইন্টিগ্রেশন,কম্পিউটার সিমুলেশান ইত্যাদি এডভান্সড টেকনোলজী সম্পর্ক প্রাথমিক ধারণা দেওয়া হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি,চাঁদপুর।<br><br>০২।উপজেলা আইসিটি অফিসার, শাহরাস্তি,চাঁদপুর।<br><br>০৩।ভেন্ডর প্রতিষ্ঠান<br><br>(JV of Ezze Technology Ltd.,<br><br>Exes Technology Ltd) |
| ০৩ | **ডিজিটাল-নথি(ডি-নথি) সংক্রান্তঃ**<br><br>সভাপতি ই-নথির কার্যক্রম পর্যালোচনা করেন। উপজেলা দপ্তরসমূহের ডি-নথির মাধোমে সকল দাপতরিক কার্যক্রম পরিচালনা করার জন্য গুরুত্বারোপ করেন।<br><br>সভায় উপজেলা আইসিটি অফিসার জানান উপজেলায় ০৬ টি দপ্তর লাইভে আছে। নতুন যেসকল অফিস লাইভে যেতে চায়ঃ ঐসকল দপ্তর প্রধানকে আবেদন করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>সরকারের নির্দেশনা অনুযায়ী ব্যয় কমানোর জন্য ডি-নথি অন্যতম একটি মাধ্যম, উপজেলায় যে সকল অফিস লাইভে রয়েছে তাহারা যেন ডি-নথির কার্যক্রম বেগবান করেন। তাহলে পেপারলেস অফিসের কার্যক্রম এগিয়ে যাবে এবং সরকারের ঘোষিত ব্যয় কমানো সম্ভব হবে মর্মে আলোচনা হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস এবং উপজেলার লাইভে আসা সকল দপ্তরের দাপ্তরিক কাজ ডি-নথির মাধ্যমে সম্পন্ন করতে হবে। ।<br><br>(খ) প্রতিটি দপ্তরে ডি-নথি কার্যক্রম নিশ্চিত করতে হবে এবং যে সকল অফিস লাইভে নাই সে সকল দপ্তরকে লাইভে নিয়ে আসার ব্যবস্থা করতে হবে।<br><br>(গ) লাইভে আসা দপ্তরগুলোর তাদের সকল কাজ ডি-নথির মাধ্যেমে সম্পূর্ণ করতে হবে এবং তার মাধ্যমে অফিসের কন্টিজেন্সি ব্যয় কমিয়ে আনতে হবে। | ০১। সংশ্লিষ্ট সকল দপ্তর ,শাহরাস্তি,চাঁদপুর।<br><br>০২।উপজেলা আইসিটি অফিসার,শাহরাস্তি,চাঁদপুর। |
| ০৪ | **আইসিটি ডিভিশন ডিজিটাল ল্যাব ঃ** সভায় উপজেলা আইসিটি অফিসার জানান যে এ উপজেলায় **১**ম পর্যায়ে মোট ০৬ টি আইসিটি ডিভিশন ডিজিটাল ল্যাব দেওয়া হয়েছে।<br><br>২য় পর্যায়ে এ উপজেলায় ১০ টি আইসিটি ডিভিশন ডিজিটাল ল্যাব, এবং ০১টি আইসিটি ডিভিশন ডিজিটাল স্কুল অব ফিউচার স্থাপন করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা আইসিটি অফিসার, শাহরাস্তি, চাঁদপুর কর্তৃক নিয়মিত আইসিটি ডিভিশন ডিজিটাল ল্যাব পরিদর্শন করার বিষয়ে আলোচনা হয়। | (ক)উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি, চাঁদপুর, উপজেলা আইসিটি অফিসার, আইসিটি অধিদপ্তর,শাহরাস্তি, চাঁদপুর এবং আইসিটি কমিটির সকল সদস্য কর্তৃক আইসিটি ডিভিশন ডিজিটাল ল্যাব পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(খ) ছাত্র-ছাত্রীরা আইসিটি ডিভিশন ডিজিটাল ল্যাব ব্যবহার করে তথ্য প্রযুক্তিতে দক্ষতা অর্জন | ১।উপজেলা নির্বাহী অফিসার,শাহরাস্তি,চাঁদপুর।<br><br>২।উপজেলা আইসিটি অফিসার, শাহরাস্তি,চাঁদপুর।<br><br>৩।উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সকল সদস্যবৃন্দ। |

| | | | |
|---|---|---|---|
| | আইসিটি ডিভিশন ডিজিটাল ল্যাব সমূহের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ, সুষ্ঠু পরিচালনা রক্ষণাবেক্ষণ ও অপব্যবহার রোধকল্পে প্রকল্প দপ্তরের নির্দেশনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | করতে পারে সে বিষয়ে কার্যক্রম বাড়াতে হবে।<br>(গ) আইসিটি ডিভিশন ডিজিটাল ল্যাব সমূহের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ, সুষ্ঠু পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও অপব্যবহার রোধকল্পে প্রকল্প দপ্তরের নির্দেশনা যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। | |
| ০৫ | **ডিজিটাল সংযোগ স্থাপন সংযোগ প্রকল্প থেকে আইসিটি ডিভিশন ডিজিটাল ল্যাবঃ**<br>২০২৩-২০২৪ অর্থবছরে এই উপজেলায় ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প থেকে ১২ টি আইসিটি ডিভিশন ডিজিটাল ল্যাবের পাওয়ার উপযুক্ততা যাছাই-বাচাই করা হয়েছে। | ক) উপজেলা আইসিটি অফিসার,শাহরাস্তি, চাঁদপুর জানান ১২ টি শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি ডিভিশন ডিজিটাল ল্যাবের উপযুক্ততা সরেজমিনে যাছাই-বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। | ০১।উপজেলা নির্বাহী অফিসার,শাহরাস্তি,চাঁদপুর।<br>০২।উপজেলা আইসিটি অফিসার,শাহরাস্তি,চাঁদপুর। |
| ০৬ | **রোবটিক্স কর্ণারঃ** উপজেলা আইসিটি অফিসার জানান, শাহরাস্তি,চাঁদপুর জানান, চাঁদপুর উপজেলাস্থ সূচিপাড়া উচ্চ বিদ্যালয়ে স্কুল অফ ফিউচার স্থাপন করা হয়েছে এবং রোবটিক্স কর্ণার স্থাপন করা হয়েছে। | (ক)উপজেলা নির্বাহী অফিসার বলেন, সূচীপাড়া উচ্চ বিদ্যালয়ের স্কুল অফ ফিউচারে রোবটিক্স কর্ণার স্থাপন করা হয়েছে ; ছাত্র-ছাত্রীদেরকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে এই রোবটিক্স কর্ণার অনেক সহযোগিতা করবে।স্কুল অফ ফিউচার সহ রোবটিক্স কর্ণারকে যথাযথ ব্যবহার করার জন্য উপজেলা নির্বাহী অফিসার নির্দেশনা প্রদান করেন। | ০১।উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি,চাঁদপুর।<br>০২। উপজেলা আইসিটি অফিসার শাহরাস্তি,চাঁদপুর। |
| ০৭ | **আইসিটি ডিভিশন ডিজিটাল ল্যাব পরিদর্শনঃ** উপজেলা আইসিটি অফিসার, শাহরাস্তি,চাঁদপুর জানান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী প্রতি মাসে ৪টি আইসিটি ডিভিশন ডিজিটাল ল্যাব এবং ০১ টি আইসিটি ডিভিশন স্কুল অফ ফিউচার পরিদর্শন করার কথা বলা হয়েছে। | ক) উপজেলা আইসিটি অফিসার, শাহরাস্তি,চাঁদপুর জানান, অক্টোবর মাসে নিজমেহার মডেল পাইলট উচ্চ বিদ্যালয়,সূচীপাড়া উচ্চ বিদ্যালয়, টামটা আদর্শ উচ্চ বিদ্যালয় এবং মেহের ডিগ্রি কলেজে,হোসেনপুর বালিকা উচ্চ বিদ্যালয়,হোসেনপুর বালিকা উচ্চ বিদ্যালয় এবং কাঁকৈরতলা গোলাম কিবরিয়া দাখিল মাদ্রাসায় স্থাপিত আইসিটি ডিভিশন ডিজিটাল পরিদর্শণ করা হয়েছে। | ০১।উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি,চাঁদপুর।<br>০২। উপজেলা আইসিটি অফিসার শাহরাস্তি,চাঁদপুর। |
| ০৮ | **প্রশিক্ষণ আয়োজন সংক্রান্তঃ** উপজেলা আইসিটি অফিসার, শাহরাস্তি, চাঁদপুর জানান, ২০২৫-২০২৬ অর্থবছরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনা অনুসারে, ০৫ দিনব্যাপী সামাজিক সাইবার সিকিউরিটি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করার কথা বলা হয়েছে। | ক) উপজেলা আইসিটি অফিসার, শাহরাস্তি, চাঁদপুর জানান, গত ১৪ ই মার্চ, ২০২৬ থেকে ১৮ ই মার্চ ,২০২৬ খ্রি. পর্যন্ত শাহরাস্তি উপজেলার এইচ এস সি পাস ২০ জন শিক্ষার্থীর অংশগ্রহণে ০৫ দিনব্যাপী সাইবার সিকিউরিটি বিষয়ক প্রশিক্ষণ টি সম্পন্ন হয়। | ০১।উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি,চাঁদপুর।<br>০২। উপজেলা আইসিটি অফিসার শাহরাস্তি,চাঁদপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মনিরা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি, উপজেলা আইসিটি কমিটি
শাহরাস্তি,চাঁদপুর।

স্মারক নং-৫৬.০৪.১৩৯৫.০০১.০৬.০০১.২৩-১৩৬ তারিখঃ২৬/০৬/২০২৬ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১ .সচিব ,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ,ঢাকা।
২ .মহাপরিচালক ,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ,ঢাকা।
৩. অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।
৪. নির্বাহী পরিচালক ,বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ,আগারগাঁও ,ঢাকা।
৫. ...........................................................................................সদস্য, উপজেলা আইসিটি কমিটি,চাঁদপুর,চাঁদপুর|
৬. জনাব ...............................................................................................................,
৭. আফিস কপি।



২৬.০৬.২০২৬ খ্রি.
(মোঃ শাহজাহান)
উপজেলা আইসিটি অফিসার
ও
সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি
শাহরাস্তি,চাঁদপুর।